৪

দৈনিক বাংলা

তারিখ 03 NOV 1994
পৃষ্ঠা ৪ কলাম ৬

# শিক্ষা প্রতিষ্ঠান সন্ত্রাসমুক্ত করার উদ্যোগ নিন ঃ আইজি

স্টাফ রিপোর্টার ঃ পুলিশের আইজি এ এস এম শাহজাহান ছাত্র, শিক্ষক, অভিভাবক, পুলিশ ও জনগণের যৌথ সহযোগিতায় সকল শিক্ষা প্রতিষ্ঠান থেকে সন্ত্রাসমুক্ত করার উদ্যোগ গ্রহণের আহবান জানিয়েছেন।

তিনি মঙ্গলবার দুপুরে মিরপুরে ঢাকা কমার্স কলেজের ছাত্রদের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তৃতাকালে এই আহবান জানান। তিনি বলেন, শিক্ষা অঙ্গন সন্ত্রাসমুক্ত থাকলে শিক্ষার পরিবেশ আরো উন্নত হবে এবং ছাত্রছাত্রীরা নিরাপদে জ্ঞানের চর্চা করে দেশ ও জাতির কল্যাণে আরো বলিষ্ঠ অবদান রাখতে সক্ষম হবে।

আইজি এ এস এম শাহজাহান বলেন, দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে শান্তি শৃংখলা রক্ষার কাজে যে বিপুল-সংখ্যক পুলিশ নিয়োজিত আছে তা দিয়ে বেশ কয়েকটি থানা পরিচালনা করা সম্ভব।

কমার্স কলেজের নবনির্মিত ভবন প্রাঙ্গণে আয়োজিত এই নবীনবরণ অনুষ্ঠানে কলেজের অধ্যক্ষ কাজী নূরুল ইসলাম ফারুকী, কলেজের শিক্ষক, ছাত্র ও অভিভাবকগণ বক্তৃতা করেন। বক্তারা কলেজকে সকল অবস্থায় সন্ত্রাসমুক্ত রাখার জন্য শপথ গ্রহণ করেন।